এটিএম জালিয়াতি কাণ্ডে উদ্ধার টাকা, গ্রেফতার ২

নিজস্ব সংবাদদাতা, মেদিনীপুর ঃ অবসরপ্রাপ্ত শিক্ষককে ফোন করে তার এটিএম-এর পিন জেনে শিক্ষকের অ্যাকাউন্ট থেকে তুলে নেওয়া হয়েছিল মোটা টাকা। পুলিশে অভিযোগ করাতে তদন্তে নেমে পুলিশ দুই প্রতারককে গ্রেফতার করল অন্য জেলা থেকে। উদ্ধার হল গায়েব করা টাকাও। এটিএম ফ্রড কান্ডের এই ঘটনাটি ঘটেছে পশ্চিম মেদিনীপুরের মেদিনীপুর শহরের অন্তর্গত অশোকনগর এলাকার এক অবসরপ্রাপ্ত শিক্ষকের সঙ্গে। পুরুলিয়া রামকৃষ্ণ মিশনের অবসরপ্রাপ্ত ওই শিক্ষকের নাম সনৎ অধিকারী। গত ১ অক্টোবরে তার মোবাইলে ব্যাঙ্ক ম্যানেজারের পরিচয় দিয়ে একটি ফোন আসে। সেই ফোন থেকে প্রতারকরা এটিএম কার্ড বন্ধের গল্প বলে পিন নম্বর জেনে ওই দিনই মোটা টাকা হাতিয়ে নিয়েছিল শিক্ষকের একাউন্ট থেকে। বিষয়টি পরে বুঝতে পারেন যে তিনি কীভাবে প্রতারণার শিকার হয়েছেন। এরপরই কতোয়ালি থানার পুলিশের দ্বারস্থ হয়েছিলেন। সাধারণত এই ধরণের বেশিরভাগ কেসে পুলিশ খুব একটা সাফল্য না পেলেও এই ঘটনাটিতে পুলিশ প্রতারকদের কিছুটা ক্লু পেয়ে গিয়েছিলেন। তদন্তে জানতে পারা গিয়েছিল যে, প্রতারকরা বর্ধমান এলাকার বাসিন্দা। এরপরে কয়েকদিনের তদন্তে উঠে আসা সূত্র ধরে বর্ধমান জেলার সালানপুর থানার পুলিশের সহযোগিতা নিয়ে রবিবার দুটি গ্রাম থেকে দুই যুবককে গ্রেফতার করে। ধৃতরা একজন হলেন সঞ্জু কুন্ডকার, কালাদবাড় গ্রামের বাসিন্দা, অপরজন সুরজিৎ সেন সিধাবারি গ্রামের বাসিন্দা। দুজনকে গ্রেফতার করে সমস্ত তথ্য উদ্ধার করতে পেরেছে পুলিশ। উদ্ধার হয়েছে শিক্ষকের গায়েব হয়ে যাওয়া টাকাও।

কোলাঘাটের এভারগ্রীণ ক্লাবের পুজো শুরু মহালয়ার দিন থেকে। মন্ডপে প্রতিমা, শুরু হয়েছে মেলা ও নানান সাংস্কৃতিক অনুষ্ঠান।

পুজোতে সেঁজুতির উপহার

নিজস্ব সংবাদদাতা, বামুনিয়া ঃ বামুনিয়া গ্রামপঞ্চায়েতের ছয়টি গ্রামের মোট ২০০ জন মায়েদের হাতে পুজোর উপহার নতুন শাড়ি তুলে দিল কাঁথির সামাজিক সংস্থা সেঁজুতি। শুভ মহালয়ার পুণ্য লগ্নে ঝাওয়া জগন্নাথপুর, মহিষাগোট, ডাঙ্গুয়াপুট মোট ছয়টি গ্রামের মায়েদের নিয়ে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই মহৎ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বামুনিয়া গ্রামপঞ্চায়েতের প্রাক্তন সদস্য বাদল মাইতি। এছাড়া সেঁজুতির পক্ষ থেকে উপস্থিত ছিলেন সভাপতি শুভজিৎ মাইতি, সম্পাদিকা ঐন্দ্রিলা বসু রায়, সোমাশ্রী মাইতি, আনন্দ আচার্য, দীপক দাস, প্রিয়াঙ্কা মাইতি দাস, সুমিত দাস, সমর দাস, মেহেবুব গান, সুপর্ণা সাহু, রামকৃষ্ণ খাড়া প্রমুখ। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনার দায়িত্বে ছিলেন সেঁজুতির প্রধান উপদেষ্টা সত্যরঞ্জন প্রধান। জাতীয় সঙ্গীতের মাধ্যমে অনুষ্ঠানটি শুরু করা হয়। এরপর মোট ২০০ জন মায়েদের হাতে পুজোর উপহার নতুন শাড়ি তুলে দেয় সেঁজুতির সদস্য-সদস্যারা। গ্রামের মানুষেরা জানালেন, এই ধরণের অনুষ্ঠানের আগে কোন সংস্থা করেনি। তাই পুজোর আগে উপহার পেয়ে আনন্দে আপ্লুত সকলেই। সেঁজুতির এই প্রয়াসকে সাধুবাদ জানায় গ্রামের মানুষেরা। মানুষের জন্যে মানুষকে ভালো রাখার এই প্রয়াস সেঁজুতির চিরকালের।

এই অঙ্গীকার রেখে সেঁজুতি আগামী দিনেও পথ চলবে। মানুষের মুখে হাসি ফোটানোর এই প্রয়াস সেঁজুতির চিরকাল থাকবে।

ক্রিয়েটিভ ডান্স একাডেমীর বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান

নিজস্ব সংবাদদাতা, মেদিনীপুর ঃ প্রথমবারেই নিজেদের বার্ষিক অনুষ্ঠানে নজর কাড়লো মেদিনীপুরের অন্যতম নৃত্য শিক্ষা প্রতিষ্ঠান ক্রিয়েটিভ ডান্স একাডেমী। রবিবার সন্ধ্যায় বিদ্যাসাগর স্মৃতি মন্দিরের মঞ্চে অনুষ্ঠিত হল ক্রিয়েটিভ ডান্স একাডেমির প্রথম বর্ষের বার্ষিক অনুষ্ঠান ও শারদ উৎসব। সমবেত অতিথিদের দ্বারা প্রদীপ প্রজ্জ্বলনের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। শাস্ত্রীয়নৃত্য, রবীন্দ্র নৃত্য, সৃজনশীল ও লোকআঙ্গিকে নানা ধরণের নৃত্যে নিজেদের নৃত্যশৈলীর মাধ্যমে দর্শকদের হৃদয় জিতলেন সংস্থার শিক্ষার্থীরা। প্রতিটি পরিবেশনা ও পোশাক পরিকল্পনাও ছিল মনমুগ্ধকর এবং আকর্ষণীয়। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নৃত্যশিল্পী সুতনুকা পাল, রুদ্রবীণা দাস, সবিতা সাহা, সুতপা আঢন প্রধান প্রমুখ। এছাড়াও উপস্থিত ছিলেন বিশিষ্ট সঙ্গীতশিল্পী জয়ন্ত সাহা, হায়দার আলি, বিদ্যাসাগর স্মৃতি মন্দিরের কর্ণধার ও সরকারি আইনজীবি রাজকুমার দাস, সাংস্কৃতিক ব্যক্তিত্ব লক্ষ্মণ চন্দ্র ওঝা, রীণা মহাপাত্র প্রমুখ। সমস্ত অতিথিদের গোলাপের চারা দিয়ে শ্রদ্ধা নিবেদন অনুষ্ঠানে নতুন মাত্রা যোগ করে। নৃত্য পরিচালনার পাশাপাশি সবাইকে স্বাগত জানান সংস্থার কর্ণধার নৃত্যশিল্পী সৈকত মুখার্জী। সমগ্র অনুষ্ঠানটি সঞ্চলনা করেন বাচিক শিল্পী মোম চক্রবর্তী।

কংসাবতীর গান্ধীঘাটে বস্ত্র বিতরণ

নিজস্ব সংবাদদাতা, মেদিনীপুর ঃ মহালয়ার পূর্ণ তিথিতে পশ্চিম মেদিনীপুরের মেদিনীপুর শহরের কংসাবতী নদীর তীরে, গান্ধী ঘাট নমামি গঙ্গের পক্ষ থেকে দুঃস্থ, বয়স্ক ও বাচ্চাদের বস্ত্র বিতরণ করা হয়। গঙ্গাকে পরিস্কার ও পরিচ্ছন্নতা কিভাবে রাখা যায় সেই বিষয়ে আলোচনার মাধ্যমে মানুষকে সচেতন করা হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশ্চিম মেদিনীপুরের বিজেপি জেলা সভাপতি শমিত কুমার দাস, জেলা সম্পাদক সোমনাথ দে, অরূপ দাস, শঙ্কর দাস, জেলা কোষাধ্যক্ষ শুভাশিষ সব পন্ডিত, নমামি গঙ্গের জেলা প্রমুখ মিতা ঘোষ, দুই মন্ডলের সভাপতি অজয় সাউ ও তপন কুমার সামন্ত।

রামনগরের দক্ষিণ মন্ডলের কার্যকারিনী বৈঠক

নিজস্ব সংবাদদাতা, রামনগর ঃ রামনগর ২ ব্লকের দক্ষিণ মন্ডলের কার্যকারিনী বৈঠক পিছাবনিতে অনুষ্ঠিত হল সোমবার। বিজেপির দাবি, নবনির্বাচিত মন্ডল সভাপতি শচ্চীদানন্দ দাসের নেতৃত্বে মন্ডলের সাংগঠনিক বিষয়ে সবচেয়ে বেশি জোর দেওয়া হয় এই বৈঠকে। তবে ২০১৯-এর লোকসভা নির্বাচনকে লক্ষ্য রেখেই এদিনের এই বৈঠক। উপস্থিত ছিলেন কাঁথি সাংগঠনিক জেলা বিজেপি সভাপতি তপন মাইতি, জেলা বিজেপির দুজন সাধারণ সম্পাদক চন্দন দাস ও তাপস দলুই-সহ জেলা ও মন্ডলের নেতৃবৃন্দ। এই মন্ডলের অন্তর্ভুক্ত কালিন্দি অঞ্চলের সিপিএমের প্রভাবশালী নেতা আকবর হোসেন-সহ তাঁর ৫০ জন অনুগামী বিজেপিতে যোগদান করেন। নবাগত কর্মীদের হাতে দলীয় পতাকা তুলে দেন জেলা বিজেপি সভাপতি তপন মাইতি। তিনি বলেন, বুথস্তর থেকে রাজ্য পর্যন্ত কিভাবে সমন্বয় রেখে কাজ করছে দল, দলের শাখা সংগঠনগুলোকে কিভাবে একজোট হয়ে সংগঠন গড়ার কাজে যুক্ত হবে, তার পূর্ণাঙ্গ রূপরেখা বিস্তারিতভাবে আলোচনা করা হয়। এদিনের বৈঠকে শতাধিক বিজেপি কর্মী-সমর্থকেরা হাজির ছিলেন।

মধুবাণীর বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান

নিজস্ব সংবাদদাতা, মেদিনীপুর ঃ মেদিনীপুর শহরের পরিচিত আবৃত্তি প্রশিক্ষণ সংস্থা মধুবাণীর বার্ষিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়ে গেল। এদিন সন্ধ্যায় মেদিনীপুর কলেজের বিবেকানন্দ হলে আয়োজিত এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জীতেশ হোড়। অনুষ্ঠানে সবাইকে স্বাগত জানান সংস্থার অধ্যক্ষা সুদীপ্তা চক্রবর্তী (মিশ্র)। অনুষ্ঠানের মুখ্য আকর্ষণ ছিল অতিথি হিসাবে উপস্থিত প্রখ্যাত কবি, আবৃত্তিকার ও অভিনেতা দেবেশ ঠাকুরের একক আবৃত্তি উপস্থাপনা। জনপ্রিয় বাচিক শিল্পী দেবাশীষ চক্রবর্তী ও সুদীপ্তা চক্রবর্তী মিশ্র কর্তৃক উপস্থাপিত হাসির শ্রুতি নাটক 'দশসই দ্রৌপদী' উপস্থিত সকলের মন জয় করে নেয়। একক, দ্বৈতও সমবেত আবৃত্তির মধ্য দিয়ে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান উপহার দেয় শতাধিক কচিকাঁচা থেকে শুরু করে সংস্থার বড়রা। শিক্ষার্থীরা পরিবেশন করে শ্রুতিনাটক 'কি গেরো'। এদিন সংস্থার পত্রিকা 'উদবর্তী' প্রকাশ করেন মেদিনীপুর কলেজের সর্বজনশ্রদ্ধেয় ইতিহাসের প্রাক্তন অধ্যাপক বিশ্বনাথ দে। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সঙ্গীতশিল্পী জয়ন্ত সাহা, হায়দার আলি, অধ্যাপক সত্যরঞ্জন ঘোষ, বিশ্বজিৎ সেন, আবৃত্তিকার অমিয় পাল, মালবিকা পাল, সাহিত্যিক বিদ্যুৎ পাল, সংস্কৃতিপ্রেমী লক্ষ্মণ চন্দ্র ওঝা, রমাপ্রসাদ গিরি, অণিতা বসু, জয়ন্ত মন্ডল প্রমুখ। গোটা অনুষ্ঠানটি সুচারুভাবে সঞ্চালনা করেন দুই প্রতিশ্রুতিমান বাচিক শিল্পী বৃষ্টি মুখোপাধ্যায় ও মৈথিলী ঘোষ। দর্শকপূর্ণ প্রেক্ষাগৃহে অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় সবাইকে ধন্যবাদ জানান সংস্থার অধ্যক্ষা সুদীপ্তা চক্রবর্তী মিশ্র।

পিতৃপুরুষের উদ্দেশ্যে তর্পণ

নিজস্ব সংবাদদাতা, হলদিয়া ঃ সোমবার মহালয়ার ভোরে সূর্যোদয়ের পর গঙ্গার ঘাটে পিতৃপুরুষের উদ্দেশ্যে শ্রদ্ধা জানানোর জন্য তর্পণের সময় এবার বদলে যায়। জানা গেছে, পঞ্জিকা অনুযায়ী এবার ভোরে অমাবস্যা ছিল না। অমাবস্যা পড়ে বেলা ১০টা ৪৭ মিনিট নাগাদ। আবার বিশুদ্ধ সিদ্ধান্তমতে তা শুরু হয়ে ছিল বেলা ১১টা ৩২ মিনিটে। ফলে এরপর থেকেই প্রথামতো পিতৃপুরুষের উদ্দেশ্যে তর্পণ করা হয়েছে। সেই হিসাব ধরেই শিল্পশহর হলদিয়া টাউনশিপে এবারের সমস্যমুহি মেনে স্নান সারেন বহু মানুষ। প্রথা মেনে ভোরে তর্পণ হল না এবার। বদলে মধ্যাহ্নে হলদিয়ার ঘাটে ভিড় দেখা যায়। তিথি অনুযায়ী মঙ্গলবারও সকাল পর্যন্ত অমাবস্যা থাকবে। তাই স্নানও করে বহু মানুষ।



কোলাঘাট থানার উদ্যোগে বৃদ্ধাশ্রমের আবাসিকদের পুজোতে নতুন জামাকাপড়

নিজস্ব সংবাদদাতা, কোলাঘাট ঃ সোমবার মহালয়ার দিনটিতে গতবছরের মতো এবছরও পূর্ব মেদিনীপুর জেলা পুলিশ ও কোলাঘাট থানার উদ্যোগে রাইন গ্রামের বৃদ্ধাশ্রমের আবাসিকদের পুজোর জন্য নতুন জামাকাপড় তুলে দেওয়া হয়। সোমবার দুপুরে রাইন গ্রামের বৃদ্ধাশ্রম ভবনে একটি অনুষ্ঠানের মাধ্যমে ৩০ জন আবাসিক বৃদ্ধবৃদ্ধা ও ১০ জন বিচারাধীন বন্দি কিশোরদের ও নতুন জামাকাপড় তুলে দেওয়া হয় পুলিশের পক্ষ থেকে। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পূর্ব মেদিনীপুরের পুলিশ সুপার ভি সোলেমান নিশা কুমার, সিআই তমলুক বিশ্বজিৎ হালদার, কোলাঘাট থানার ওসি কাশীনাথ চৌধুরী-সহ বিশিষ্টজনেরা। এদিন পুলিশের পক্ষ থেকে জানানো হয় পুজোর সময় বৃদ্ধবৃদ্ধাদের বাসে করে ঠাকুর দেখানোর ব্যবস্থাও করা হবে। পুলিশের এমন উদ্যোগে রীতিমতো খুশি আবাসিকেরা।

এনসিসি ও থানার সাফাই অভিযান

নিজস্ব সংবাদদাতা, দিঘা ঃ সৈকত শহরে সাফাই অভিযান হল সোমবার। কাঁথি ৩ ব্লকের বাহিরী হাইস্কুলের এনসিসি ইউনিট ও দিঘা থানার যৌথ উদ্যোগে এই আয়োজন। পুলিশ সূত্রে খবর, দিঘা থানা প্রাঙ্গণ ও দিঘা স্টেট জেনারেল হাসপাতাল চত্বর এলাকা সাফাই করা হয়।

পূর্ব মেদিনীপুর জেলার অতিরিক্ত পুলিশ সুপার ইন্দ্রজিৎ বসু বলেন, মুখ্যমন্ত্রীর ক্লিন এন্ড গ্রীণ প্রজেক্টের অঙ্গ হিসাবে এই সাফাই অভিযান কর্মসূচি। তবে এলাকাকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখার দায়িত্ব আমাদের। মানুষকে সচেতনও হতে হবে। কিন্তু এদিনের সাফাই অভিযান কর্মসূচিতে এনসিসি ইউনিট-সহ পুলিশের মধ্যে ব্যাপক উৎসাহ দেখা যায়।

বিজেপির স্বচ্ছ ভারত অভিযান

নিজস্ব সংবাদদাতা, রামনগর ঃ রামনগর ১ ব্লক বিজেপির পূর্ব মন্ডলের উদ্যোগে 'স্বচ্ছভারত অভিযান' প্রকল্পে সাফাই অভিযান কর্মসূচি পালন করা হয় সোমবার। এদিন রামনগর ১ ব্লকের তালগাছাড়ি ১ গ্রামপঞ্চায়েত অফিস পরিসর সাফাই করা হয়। রামনগর ১ ব্লক বিজেপির পূর্ব মন্ডলের সভাপতি রতন আচার্য বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর স্বচ্ছ ভারত অভিযান প্রকল্পকে সামনে রেখে সাফাই কর্মসূচি পালিত হয়। তালগাছাড়ি ১ গ্রামপঞ্চায়েতে তৃণমূল ছাড়া সমস্ত দল ঐক্যবদ্ধভাবে পঞ্চায়েত চালাচ্ছে। তাই আমরা সমস্ত দলকে নিয়ে গ্রামপঞ্চায়েত পরিসর সাফাই করলাম। তিনি আরও বলেন, স্বচ্ছ মানসিকতায় গ্রাম পঞ্চায়েত পরিচালনার লক্ষ্যে এই উদ্যোগ। তবে আগামীদিনগুলিতে রামনগরের বিভিন্ন এলাকায় আমরা সাফাই অভিযান কর্মসূচি পালন করব।